দৈনিক ইত্তেফাক

তারিখ ............

পৃষ্ঠা ... ১১ ... 4 FEB 2003

আলোচনা সভায় সাবেক ছাত্র নেতৃবৃন্দ

# আমাদের শিক্ষার মান আন্তর্জাতিক পর্যায়ের কাছাকাছি নিতে হবে

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥ গতকাল সোমবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের টিএসসিতে জাসদ ছাত্রলীগের উদ্যোগে 'শিক্ষা ব্যবস্থায় বিপর্যয় : জাতীয় কর্তব্য' শীর্ষক এক আলোচনা সভায় সাবেক ছাত্রনেতৃবৃন্দ বলেছেন, শিক্ষা ব্যবস্থায় বিপর্যয়ের ধারা রোধ করে শিক্ষাকে আন্তর্জাতিক মানের কিছুটা কাছাকাছি টেনে না তোলা গেলে বিশ্বায়নের ঝড়োহাওয়ায় বাংলাদেশ খড়কুটোর মতো উড়ে যাবে। জাসদ ছাত্রলীগের সভাপতি করিম সিকদারের সভাপতিতে অন্যান্যের মধ্যে আলোচনা সভায় বক্তব্য রাখেন আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক মাহমুদুর রহমান মান্না, সাবেক ডাকসু ভিপি ফজলে হোসেন বাদশা, সাবেক ছাত্রলীগ সভাপতি শিরীন আখতার ও নাজমুল হক প্রধান, সাবেক ডাকসু এজিএস ও ছাত্রদল নেতা খায়রুল কবীর খোকন প্রমুখ।

আলোচনা সভায় নেতৃবৃন্দ আরো বলেন, সরকার আসে যায়, নতুন নতুন শিক্ষা কমিটি গঠিত হয়, কাজের কাজ হয় না। শিক্ষার বিপর্যয় ও নিরাপত্তাহীনতা থামে না।